# বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০

( ২০০০ সনের ৩৮ নং আইন )

**বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট স্থাপনকল্পে প্রণীত আইন।**

যেহেতু বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট স্থাপনকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবত্ হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “ট্রাস্ট” অর্থ এই আইনের অধীন স্থাপিত বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট;

(খ) “পরিবার” অর্থ সংশ্লিষ্ট শিক্ষকের স্ত্রী বা স্বামী এবং তাহার প্রতি নির্ভরশীল অবিবাহিত পুত্র ও কন্যা এবং পিতা ও মাতা;

(গ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঘ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঙ) “বেসরকারী প্রাথমিক বিদ্যালয়” অর্থ Registration of Private Schools Ordinance, 1962 (E.P. Ord. No. XX of 1962) এর অধীন রেজিস্ট্রেশনপ্রাপ্ত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়;

(চ) “বেসরকারী প্রাথমিক শিক্ষক” অর্থ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক;

(ছ) “বোর্ড” অর্থ এই আইনের অধীন গঠিত বোর্ড।

**ট্রাস্ট স্থাপন**

৩। (১) এই আইন বলবত্ হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার এই আইনের বিধান অনুযায়ী বেসরকারী প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট নামে একটি ট্রাস্ট স্থাপন

করিবে।

(২) ট্রাস্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে, ইহার পক্ষে বা বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

**ট্রাস্টের কার্যালয়**

৪। ট্রাস্টের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**সাধারণ পরিচালনা**

৫। ট্রাস্টের পরিচালনা ও প্রশাসন একটি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ট্রাস্ট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে উক্ত বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

**বোর্ড**

৬। (১) বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) প্রাথমিক ও গণশিক্ষা [১][মন্ত্রণালয়ের] সচিব, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, যিনি উহার [২][ভাইস-চেয়ারম্যানও] হইবেন;

[৩][(গ) মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাসত্মবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, যিনি উহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;]

(ঘ) পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট, যিনি উহার কোষাধ্যক্ষও হইবেন;

(ঙ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন কর্মকর্তা;

(চ) সরকার কর্তৃক মনোনীত প্রাথমিক ও গণশিক্ষা [৪][মন্ত্রণালয়ের] একজন কর্মকর্তা;

[৫][(ছ) সরকার কর্তৃক মনোনীত অন্যূন দুই (২) জন মহিলাসহ, সাত (৭) জন বেসরকারী প্রাথমিক শিক্ষক, যাহাদের মধ্যে একজন উহার সদস্য-সচিবও হইবেন।]

(২) উপ-ধারা (১) (চ) ও (ছ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বত্সর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বেই কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ যে কোন সদস্যকে যে কোন সময় তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, উক্তরূপ যে কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**ট্রাস্টের কার্যাবলী**

৭। (১) ট্রাস্টের কার্যাবলী নিম্নরূপ হইবে, যথা:-

(ক) বেসরকারী প্রাথমিক শিক্ষকগণকে অবসরকালীন সুবিধাদি প্রদান;

(খ) কোন বেসরকারী প্রাথমিক শিক্ষক চাকুরীকালীন সময় কোন কারণে অক্ষম হইয়া পড়িলে তাহাকে আর্থিক সাহায্য প্রদান;

(গ) কোন বেসরকারী প্রাথমিক শিক্ষক চাকুরীকালীন সময় মৃত্যুবরণ করিলে তাহার পরিবারকে সাহায্য প্রদান;

(ঘ) বেসরকারী প্রাথমিক শিক্ষকগণের স্ত্রী বা স্বামী এবং মেধাবী ছেলে-মেয়েদেরকে শিক্ষার জন্য আর্থিক সাহায্য হিসাবে এককালীন মঞ্জুরী, বৃত্তি কিংবা স্টাইপেন্ড প্রদান;

(ঙ) সার্বিকভাবে বেসরকারী প্রাথমিক শিক্ষকগণ ও তাহাদের পরিবারের কল্যাণ সাধন;

(চ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অন্য যে কোন কার্য।

(২) ট্রাস্ট উপ-দফা (১) এর অধীন প্রাপ্ত কোন আবেদন প্রবিধান দ্বারা নির্ধারিত সময় সীমার মধ্যে নিষ্পত্তি করিবে।

**বোর্ডের সভা**

৮। (১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, বোর্ড উহার সভায় কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা, উহার চেয়ারম্যানের সম্মতিক্রমে উহার সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে কমপক্ষে বোর্ডের একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন; চেয়ারম্যানের অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান এবং তাঁহাদের উভয়ের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন।